

ডিসেম্বর/ ২০২৪ মাসে অনুষ্ঠিত দাকোপ উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আসমত হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা।  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, দাকোপ, খুলনা।  
তারিখ : ৩০ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ; সময়: সকাল ১১.৩০।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এরপর দাকোপ উপজেলা আইসিটি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:

| ক্রম<br>নং | পরিদর্শনের নাম                            | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সহকারী প্রোগ্রামার |
|------------|---|---------------------------|--------------------|
| ০১.        | ইউডিসি পরিদর্শন/দর্শন                     | ০৫ টি                     | ০২ টি              |
| ০২.        | আইসিটিডি ডিজিটাল/কম্পিউটার ল্যাব পরিদর্শন | ০৩ টি                     | ০৫ টি              |

০২. উপজেলা/ইউনিয়ন পোর্টাল সংক্রান্ত: উপজেলার সকল ইউনিয়ন এবং সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল দ্রুত হালনাগাদ করতে হবে। প্রয়োজনে দপ্তর প্রধানকে পুনরায় এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে।

সিদ্ধান্ত: সকল সরকারী অফিস ও সকল ইউনিয়ন পোর্টালের তথ্যাদি দ্রুত হালনাগাদ করতে হবে। এ সংক্রান্ত তাগিদপত্র সংশ্লিষ্ট দপ্তরকে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল অফিসের কর্মকর্তা ও ইউডিসি উদ্যোক্তা (সকল), দাকোপ, খুলনা।

০৩. ইউডিসি সংক্রান্ত: নতুন বিভিন্ন সেবা প্রদানের জন্য a2i কর্তৃক নির্দেশনা রয়েছে, সেক্ষেত্রে অন্যান্য জেলার ইউডিসির নতুন সেবা জেনে দাকোপ উপজেলায় প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। এছাড়া পল্লী বিদ্যুতের বিল গ্রহণ সংক্রান্ত সেবা প্রদান করতে হবে।

সিদ্ধান্ত: নতুন বিভিন্ন সেবাসহ পল্লী বিদ্যুতের বিল গ্রহণ সংক্রান্ত সেবা বাড়াতে হবে। প্রতি মাসে আয়-ব্যয়ের হিসাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: ইউডিসি উদ্যোক্তা (সকল), দাকোপ, খুলনা।



০৪. টিসিবি স্মার্ট ফ্যামিলি কার্ড সংক্রান্ত: প্রত্যেক ইউনিয়নের টিসিভির কার্যক্রম সম্পর্কে বিশদ আলোচনা হয়। এ সংক্রান্ত উপকারভোগীদের তথ্য হালনাগাদ করে ১ জানুয়ারি ২০২৫ থেকে খাদ্যসামগ্রী বিতরণ করতে হবে।

সিদ্ধান্ত: বাতিল হওয়া উপকারভোগীদের ডিজিটাল কার্ড ইউনিয়নে সংরক্ষণ এবং দ্রুত তালিকা অনলাইনে হালনাগাদ করতে হবে।


বাস্তবায়নে: ইউপি সচিব(সকল), দাকোপ, খুলনা।

০৫. জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত: প্রত্যেক ইউনিয়নের জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে বিশদ আলোচনা হয়। প্রতিদিনের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য Whatsapp গ্রুপে আপডেট করতে হবে।

সিদ্ধান্ত: সকল ইউনিয়নের জন্ম ও মৃত্যু নিবন্ধন শতভাগ নির্দেশনা মোতাবেক হালনাগাদ করতে হবে।

বাস্তবায়নে: ইউপি সচিব(সকল), দাকোপ, খুলনা।

অতঃপর উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যকে নিয়মিত মাসিক সভায় হাজির থাকার জন্য অনুরোধ জানানো হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোঃ আসমত হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

দাকোপ, খুলনা।

ইমেইলঃ unodacope@mopa.gov.bd

নম্বর- ০৫.৪৪.৪৭১৭.০০১.৩৩.০০১.২৩-

তারিখ: ৩০ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. জেলা প্রশাসক, খুলনা।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
০৩. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, খুলনা।
০৪. উপজেলা ..... কর্মকর্তা, দাকোপ, খুলনা।
০৫. চেয়ারম্যান, ..... (সকল) ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
০৬. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক..... কলেজ/মাধ্যমিক বিদ্যালয়, দাকোপ, খুলনা।
০৭. ইউপি সচিব, ..... (সকল) ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
০৮. উদ্যোক্তা, ..... (সকল) ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
০৯. জনাব .....।

(মোঃ আসমত হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

দাকোপ, খুলনা।